

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মার্চ ২১, ২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ০৭ চৈত্র ১৪৩০/ ২১ মার্চ ২০২৪

নম্বর: ০৪.০০.০০০০.৪২১.৬২.০২২.২২.১২১—গত ২৯ ফেব্রুয়ারি ২০২৪ তারিখ রাতে রাজধানীর বেইলি রোডে অবস্থিত 'গ্রিন কোর্জি কটেজ' ভবনে ভয়াবহ অগ্নিকাণ্ডে ৪৬ জন নিহত এবং ১১ জন আহত হন। উক্ত অগ্নিকাণ্ডের পর মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সার্বক্ষণিক দিকনির্দেশনা ও তত্ত্বাবধানে তাৎক্ষণিকভাবে অগ্নিনির্বাপণ ও উদ্ধার কার্যক্রম পরিচালনা; নিহত ব্যক্তিদের লাশ স্বজনদের নিকট হস্তান্তর এবং আহত ব্যক্তিদের যথাযথ চিকিৎসাসেবা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়।

২। মর্মান্তিক এ অগ্নিকাণ্ডে নিহতদের জন্য গভীর শোক ও দুঃখ প্রকাশ করে তাদের আত্মার মাগফেরাত কামনা, নিহত ব্যক্তিদের শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানিয়ে এবং আহত ব্যক্তিদের দ্রুত সুস্থতা কামনা করে মন্ত্রিসভার ২৯ ফাল্গুন ১৪৩০/ ১৩ মার্চ ২০২৪ তারিখের বৈঠকে একটি শোকপ্রস্তাব গ্রহণ করা হয়।

৩। মন্ত্রিসভা বৈঠকে গৃহীত উক্ত শোকপ্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মাহবুব হোসেন
মন্ত্রিপরিষদ সচিব

(২৮৪১)

মূল্য : টাকা ৪.০০

মন্ত্রিসভার শোকপ্রস্তাব

২৯ ফাল্গুন ১৪৩০
ঢাকা: ১৩ মার্চ ২০২৪

গত ২৯ ফেব্রুয়ারি ২০২৪ তারিখ রাতে রাজধানীর বেইলি রোডে অবস্থিত ‘প্রিন কোর্জি কটেজ’ ভবনে ভয়াবহ অগ্নিকাণ্ডে ৪৬ জন নিহত এবং ১১ জন আহত হন। উক্ত অগ্নিকাণ্ডের পর মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সার্বক্ষণিক দিকনির্দেশনা ও তত্ত্বাবধানে তাৎক্ষণিকভাবে অগ্নিনির্বাপণ ও উদ্ধার কার্যক্রম পরিচালনা; নিহত ব্যক্তিদের লাশ স্বজনদের নিকট হস্তান্তর এবং আহত ব্যক্তিদের যথাযথ চিকিৎসাসেবা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়।

অনাকাঙ্ক্ষিত এই অগ্নিকাণ্ডে দেশবাসীর সঙ্গে মন্ত্রিসভা একাত্মতা প্রকাশ করেছে। মর্মান্তিক এ অগ্নিকাণ্ডে নিহতদের জন্য গভীর শোক ও দুঃখ প্রকাশ করে তাদের আত্মার মাগফেরাত কামনা করেছে। মন্ত্রিসভা নিহত ব্যক্তিদের শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানাচ্ছে এবং আহত ব্যক্তিদের দ্রুত সুস্থতা কামনা করেছে।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd